20 ডাবলিন প্রক্রিয়া

ডাবলিন প্রক্রিয়াটি কি ?

এটি ইউরোপীয় ইউনিয়নের একটি প্রক্রিয়া যা ডাবলিন তৃতীয় রেগুলেশন / Dublin III Regulation নামে পরিচিত। কোন ইউরোপীয় দেশ আপনার আশ্রয় আবেদনের বিষয়ে অনুরোধটি গ্রহণ এবং সিদ্ধান্ত নিতে দায়বদ্ধ বা দ্বায়িত্বশীল তা এই ডাবলিন প্রক্রিয়াটি নির্ধারণ করার চেষ্টা করে।
এই পদ্ধতির ফলাফল আপনাকে জানাবে যে আপনার আশ্রয় আবেদনের প্রক্রিয়াটি চলাকালীন এবং আপনার আবেদনটির কার্যকারিতার জন্য আপনাকে কোন দেশে থাকতে হবে। আপনি যদি আন্তর্জাতিক সুরক্ষা পেয়ে থাকেন তবে আপনি একই দেশে থাকতে পারবেন। কিন্তু যদি আপনাকে আন্তর্জাতিক সুরক্ষা না দেওয়া হয় তবে এই আইন অনুসারে দ্বায়িত্বশীল দেশটি আপনাকে আপনার দেশে ফেরত পাঠাতে দায়বদ্ধ থাকবে।
মাল্টায়, ডাবলিন পদ্ধতিটি **ডাবলিন ইউনিট** দ্বারা পরিচালিত হয়, এটি শরণার্থী কমিশন / রেফিউজি কমিশনার (রেফকম) এর অফিসের একটি অংশ।

কোন দেশগুলি ডাবলিন পদ্ধতির অংশ?

এগুলি হ'ল ডাবলিন পদ্ধতিটি পরিচালনা করে : অস্ট্রিয়া, বেলজিয়াম, বুলগেরিয়া, ক্রোয়েশিয়া, সাইপ্রাস, চেক প্রজাতন্ত্র, ডেনমার্ক, এস্তোনিয়া, ফিনল্যান্ড, ফ্রান্স, জার্মানি, গ্রীস, হাঙ্গেরি, আইসল্যান্ড, আয়ারল্যান্ড, ইতালি, লাটভিয়া, লিচেনস্টেইন, লিথুয়ানিয়া, লাক্সেমবার্গ, মাল্টা, নেদারল্যান্ডস, নরওয়ে, পোল্যান্ড, পর্তুগাল, রোমানিয়া, স্লোভাকিয়া, স্লোভেনিয়া, স্পেন, সুইডেন, সুইজারল্যান্ড এবং যুক্তরাজ্য।

এই পদ্ধতিটি কিভাবে কাজ করে?

আপনি উপরে তালিকাভুক্ত যে কোনও একটি দেশে আশ্রয় আবেদন জমা দেওয়ার পরে, সেই দেশের কর্তৃপক্ষ আপনার আবেদনের জন্য দ্বায়িত্বশীল কি না বা আপনি এবং আপনার আবেদন অন্য কোনও দেশে পূর্বে দাখিল হয়েছে কি না তা যাচাই করবে।
এটি করার জন্য, আপনার একটি সংক্ষিপ্ত সাক্ষাত্কার নেওয়া হবে যার সময়কালে আপনার ইউরোপ ভ্রমণের বিষয়ে এবং আপনার পরিবার সম্পর্কে প্রশ্ন করা হবে। দ্বায়িত্বশীল দেশের কর্তৃপক্ষ তারপরে পরিস্থিতিগুলির একটি তালিকা প্রস্তুত করবে এবং - আপনি এই পরিস্থিতিতে যে কোনও একটি বিভাগে পড়েছেন কিনা তার উপর নির্ভর করে - তারা সিদ্ধান্ত নেবে যে আপনি যেখানে রয়েছেন সেটি যথাযথ কি না অথবা অন্য কোনও দেশে চলে যাওয়ার দরকার আছে কি না।
এই প্রক্রিয়াটির একেবারে গোড়ার দিকে, মাল্টার ডাবলিন ইউনিট বা রেফকম আপনাকে এ সম্পর্কে লিখিতভাবে তথ্য দেবে। এই তথ্যের পুরো প্রক্রিয়াটি আপনার কাছে ব্যাখ্যা করা হবে, যে সকল পরিস্থিতিগুলি আপনাকে অন্য কোনও দেশে স্থানান্তরিত করার সিদ্ধান্ত নিতে পারে, আপনার ব্যক্তিগত তথ্য অন্য দেশের সাথে বিনিময় করতে পারে এবং প্রয়োজন বোধে চূড়ান্ত সিদ্ধান্তকে আপনি চ্যালেঞ্জ জানাতে পারেন।

আমার আশ্রয় আবেদন কোথায় কার্যকরী করা উচিত তা নির্ধারণ করার উপযোগী পরিস্থিতি কি?

Asylum, Migration and Integration Fund
Project is part-financed by the European Union
Co-financing rate: 75% EU Funds; 25% Beneficiary Funds
Sustainable Management of Migration Flows

আপনার আশ্রয়ের আবেদনের জন্য কোন এমএস/ MS বা সদস্য রাষ্ট্র দায়ী তা সিদ্ধান্ত নিতে কর্তৃপক্ষ আপনাকে জিজ্ঞাসা করবে :

- আপনার কি পরিবারের সদস্যরা [1] আছেন যাঁরা কোনও ডাবলিন দেশে আন্তর্জাতিক সুরক্ষা (শরণার্থী বা সহায়ক সুরক্ষা) এর সুবিধাভোগী ?
- আপনি কি এককভাবে আসা কমবয়স্ক/ নাবালক / নাবালিকা এবং আপনার পরিবারের সদস্য বা ভাই / বোনরা অন্য কোনও ডাবলিন দেশে উপস্থিত আছেন ?
- আপনার কি এমন পরিবারের সদস্য আছেন যাঁরা অন্য একটি ডাবলিন দেশেও আশ্রয়ের জন্য আবেদন করেছিলেন এবং যাদের আবেদনের বিষয়ে এখনও সিদ্ধান্ত নেওয়া হয়নি ?
- আপনি কি গর্ভাবস্থার কারণে পরিবারের অন্য কোনো সদস্যের ওপর নির্ভরশীল, অথবা আপনার একটি শিশু নতুন জন্মগ্রহণ করেছে , অথবা আপনার মারাত্মক অসুস্থতা , মারাত্মক অক্ষমতা বা বৃদ্ধ বয়স এবং এই সব বা এর মধ্যে কোনো একটি কারণে পরিবারের সদস্যের যারা ডাবলিন দেশে আইনত বসবাসের কারণে আপনার সন্তান, ভাই / বোন বা বাবা - মায়ের সহায়তার উপর নির্ভর করেন ? এই পরিস্থিতিতে কোনও পরিবারের কোনও সদস্য কি আপনার উপর নির্ভর করে ?
- আপনি কি অন্য কোনও ডাবলিন দেশে আবাসিক অনুমতি বা ভিসা প্রাপ্ত হয়েছিলেন ?
- আপনি আইনত বা অবৈধভাবে অন্য কোনো ডাবলিন দেশের মাধ্যমে ইউরোপে প্রবেশ করেছেন ?
- আপনি কি অন্য কোন ডাবলিন দেশে রয়েছেন ?
- আপনি কি কোনও ডাবলিন দেশের বিমানবন্দরের আন্তর্জাতিক ট্রানজিট অঞ্চলে আশ্রয়ের আবেদন করেছেন ?

[1] ডাবলিন পদ্ধতির জন্য, 'পরিবারের সদস্য' হ'ল নিম্নলিখিত ব্যক্তিরা হবেন : (১) আপনার স্বামী / স্ত্রী বা, কিছু পরিস্থিতিতে আপনার স্থিতিশীল সহবাসকারী ; (২) আপনার অবিবাহিত শিশুরা ১৮ বছরের কম বয়সী ; (৩) আপনি যদি অবিবাহিত এবং ১৮ বছরের কম বয়সী হন তবে আপনার বাবা / মা বা কোনও কোনও পরিস্থিতিতে অন্য একজন দায়িত্বশীল প্রাপ্তবয়স্ক।

যদি সিদ্ধান্ত হয় যে মাল্টা আমার আবেদনের জন্য প্রতিক্রিয়াশীল নয় তবে কী ঘটবে?

আপনি যদি কোনও বিজ্ঞপ্তি পান যে মাল্টা আপনার আবেদনের জন্য দায়বদ্ধ নয়, আপনাকে মাল্টা ছেড়ে চলে যেতে এবং আপনার আবেদনের জন্য দায়ীত্বশীল দেশে যেতে বলা হবে। যতক্ষণ না আপনি স্বেচ্ছায় চলে যান বা চলে না যাওয়া পর্যন্ত আপনাকে কোনও আটক কেন্দ্রে রাখা হতে পারে।
আপনি যখন অন্য দেশে পৌঁছে যাবেন, আপনাকে আশ্রয়-সন্ধানকারী বা শরণার্থী হিসাবে বিবেচনা করা হবে এবং আপনার আবেদনের পুরো প্রক্রিয়াটি সেই জায়গায় স্থানান্তরিত করা হবে।

আমি কি এই ডাবলিন সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করতে পারি ?

আপনাকে অন্য দেশে স্থানান্তর করার সিদ্ধান্তের বিপক্ষে আবেদন / চ্যালেঞ্জ জানাতে হলে আপনার কাছে **২ সপ্তাহ** সময় দেওয়া হয়, আপনি যখন সিদ্ধান্তটি বাস্তবে গ্রহণ করেন বা কতৃপক্ষের কাছ থেকে প্রাপ্ত হন সেই দিন থেকে ২ সপ্তাহ সময় দেওয়া হয় । এই আপিল প্রক্রিয়া সময়কাল জুড়ে, আপনাকে মাল্টায় থাকতে হবে।

UNHCR
The UN Refugee Agency
Asylum, Migration and Integration Fund
Project is part-financed by the European Union
Co-financing rate: 75% EU Funds; 25% Beneficiary Funds
Sustainable Management of Migration Flows

আপনার আবেদন শরণার্থী আপিল বোর্ড বা **রেফিউজি আপীল বোর্ড** সিদ্ধান্ত নেবে। আপনি যদি আবেদন করেন তবে আপনাকে সহায়তা করার জন্য এবং নিখরচায় বা **বিনামূল্যে আইনজীবী** সরবরাহ করার জন্য অনুরোধ করতে পারেন, বা আপনি সমর্থনকারী বা সহায়ক সংস্থার সাথে যোগাযোগ করতে পারেন [২]।

আমাকে যদি অন্য ইউরোপীয় দেশ থেকে মাল্টা-এ প্রেরণ করা হয় ?

যদি আপনি পূর্বে অন্য কোনও দেশে থাকেন এবং আপনার আশ্রয় আবেদনের জন্য এখানে মাল্টা স্থানান্তরিত হন তবে আপনি পৌঁছানোর মুহূর্ত থেকেই আপনাকে এখানে আশ্রয়-প্রার্থী হিসাবে বিবেচনা করা হবে।
আপনার আশ্রয়ের আবেদনের এর পরে স্বাভাবিক প্রক্রিয়ায় শুরু হবে।[3]

আরও তথ্য প্রয়োজন ? যোগাযোগ করুন – অ্যাডিটাস +৩৫৬২০১০৬২৯৫ |
www.aditus.org.mt | info@aditus.org.mt

[2] ফ্যাক্টশিট নম্বর ২১ দেখুন : সহায়তা কারী বা সমর্থনকারী সংস্থা
(http://aditus.org.mt/Publications/factsheet21_supportingorganisations.pdf).
[3] ফ্যাক্ট শিট নম্বর ১৭ দেখুন : চিত্রর মাধ্যমে এসাইলাম পদ্ধতি
(http://aditus.org.mt/Publications/factsheet17_asylumprocedurepictures.pdf) and FACTSHEET NO 12: THE ASYLUM PROCEDURE
(http://aditus.org.mt/Publications/factsheet12_asylumprocedure).pdf

Asylum, Migration and Integration Fund
Project is part-financed by the European Union
Co-financing rate: 75% EU Funds; 25% Beneficiary Funds
Sustainable Management of Migration Flows